রেজিস্টার্ড নং ডি এ-১ ২০২৩ সনের ৪৪ নং

# বাংলাদেশ গেজেট

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

বৃহস্পতিবার, নভেম্বর ২, ২০২৩

## সূচীপত্র


| | পৃষ্ঠা নং |
|---|---|
| ১ম খণ্ড—গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ। | ৭৮১—৭৯৫ |
| ২য় খণ্ড—প্রতিরক্ষা মন্ত্রণালয় ও বাংলাদেশ সুপ্রীম কোর্ট ব্যতীত গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক জারীকৃত যাবতীয় নিয়োগ, পদোন্নতি, বদলী ইত্যাদি বিষয়ক প্রজ্ঞাপনসমূহ। | ১৩৭৯—১৪০১ |
| ৩য় খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত প্রতিরক্ষা মন্ত্রণালয় কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৪র্থ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত পেটেন্ট অফিস কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ ইত্যাদি। | নাই |
| ৫ম খণ্ড—বাংলাদেশ জাতীয় সংসদের এ্যাক্ট, বিল ইত্যাদি। | নাই |
| ৬ষ্ঠ খণ্ড—প্রথম খণ্ডে অন্তর্ভুক্ত প্রজ্ঞাপনসমূহ ব্যতীত বাংলাদেশ সুপ্রীম কোর্ট, বাংলাদেশের মহা-হিসাব নিরীক্ষক ও নিয়ন্ত্রক, সরকারী চাকুরী কমিশন এবং গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের অধস্তন ও সংযুক্ত দপ্তরসমূহ কর্তৃক জারীকৃত প্রজ্ঞাপনসমূহ। | ১২২১—১২৪৪ |
| ৭ম খণ্ড—অন্য কোন খণ্ডে অপ্রকাশিত অধস্তন প্রশাসন কর্তৃক জারীকৃত অ-বিধিবদ্ধ ও বিবিধ প্রজ্ঞাপনসমূহ। | নাই |
| ৮ম খণ্ড—বেসরকারী ব্যক্তি এবং কর্পোরেশন কর্তৃক অর্থের বিনিময়ে জারীকৃত বিজ্ঞাপন ও নোটিশসমূহ। | ৩৯—৪০ |
| ক্রোড়পত্র—সংখ্যা | |
| (১) . . . . .সনের জন্য উৎপাদনমুখী শিল্পসমূহের শুমারী। | নাই |
| (২) . . . . .বৎসরের জন্য বাংলাদেশের লিচুর চূড়ান্ত আনুমানিক হিসাব। | নাই |
| (৩) . . . . . বৎসরের জন্য বাংলাদেশের টক জাতীয় ফলের আনুমানিক হিসাব। | নাই |
| (৪) . . . . . কৃষি মন্ত্রণালয় কর্তৃক প্রকাশিত বৎসরের চা উৎপাদনের চূড়ান্ত আনুষ্ঠানিক হিসাব। | নাই |
| (৫) . . . . . তারিখে সমাপ্ত সপ্তাহে বাংলাদেশের জেলা এবং শহরে কলেরা, গুটি বসন্ত, প্লেগ এবং অন্যান্য সংক্রামক ব্যাধি দ্বারা আক্রমণ ও মৃত্যুর সাপ্তাহিক পরিসংখ্যান। | নাই |
| (৬) ..............ইং তারিখে সমাপ্ত ত্রৈমাসিক পরিচালক, চলচ্চিত্র ও প্রকাশনা অধিদপ্তর কর্তৃক প্রকাশিত ত্রৈমাসিক গ্রন্থ তালিকা। | নাই |


## ১ম খণ্ড

## গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের সকল মন্ত্রণালয়, বিভাগ, সংযুক্ত ও অধীনস্থ দপ্তরসমূহ এবং বাংলাদেশ সুপ্রীম কোর্ট কর্তৃক জারীকৃত বিধি ও আদেশাবলি সম্বলিত বিধিবদ্ধ প্রজ্ঞাপনসমূহ।

### জাতীয় রাজস্ব বোর্ড

[কাস্টমস : রপ্তানি ও বন্ড শাখা

### প্রজ্ঞাপনসমূহ

তারিখ : ১৬ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/০১ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং ৩৫/২০২৩/কাস্টমস/৪৭২—The ঈঁংঃড়সং Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক ডিপ্লোমেটিক বন্ডেড ওয়্যারহাউস প্রতিষ্ঠান মেসার্স সাবের ট্রেডার্স লি. (বন্ড লাইসেন্স নং-৪/কাস-এসবিডব্লিউ/১৯৮২, তারিখ : ১৬-০২-১৯৮২ খ্রি.) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা নিম্নরূপে নির্ধারণ করিল, যথা :

| প্রতিষ্ঠানের নাম | নির্ধারিত আমদানি প্রাপ্যতার পরিমাণ |
|---|---|
| মেসার্স সাবের ট্রেডার্স লি. | ১৮,০০,০০০.০০ (আঠারো লক্ষ) মার্কিন ডলার |

০২। উল্লেখ্য যে, বর্ণিত প্রাপ্যতা হতে ২০২২-২০২৩ অর্থবছরে আলোচ্য প্রতিষ্ঠান কর্তৃক প্রত্যয়নপত্রের ভিত্তিতে আমদানিকৃত ১৫,৮৮,১০৩.৯৬ মার্কিন ডলার সমন্বয় করতে হবে।

নং ৩৬/২০২৩/কাস্টমস/৪৭৩—The Customs Act, 1969 (Act-IV of 1969) এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাজস্ব বোর্ড কর্তৃক শাহজালাল আন্তর্জাতিক বিমান বন্দরে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং-১৭৪১/কাস-এসবিডব্লিউ/২০১৫, তারিখ : ০৬-১২-২০১৫ খ্রি.) নামীয় শুল্ক মুক্ত বিপণী প্রতিষ্ঠান এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নবর্ণিত বার্ষিক আমদানি প্রাপ্যতা নির্ধারণ করিল, যথা :

| ক্র. নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃডঃ) |
|---|---|---|
| ০১ | টোব্যাকো | ১,০০,০০০.০০ |

মোঃ তাজিম-উর-রহমান, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ নজরুল ইসলাম, উপপরিচালক (উপসচিব), বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। web site: www. bgpress. gov. bd

| ক্র. নং | পণ্যের বিবরণ | বার্ষিক আমদানি প্রাপ্যতা (মাঃডঃ) |
|---|---|---|
| ০২ | লিকার (মাদকদ্রব্য নিয়ন্ত্রণ অধিদপ্তরের অনুমতি সাপেক্ষে) | ৫০,০০০.০০ |
| ০৩ | টয়লেট্রিজ | ৫,০০০.০০ |
| ০৪ | কনফেকশনারী | ৫,০০০.০০ |
| | সর্বমোট | ১,৬০,০০০.০০ (কথায় : এক লক্ষ ষাট হাজার মার্কিন ডলার |

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে

**মুহাঃ মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস : রপ্তানি ও বন্ড)।

**প্রজ্ঞাপন**

তারিখ : ১৬ আশ্বিন, ১৪৩০ বঙ্গাব্দ/০১ অক্টোবর, ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩৭/২০২৩/কাস্টমস/৪৭৪**।—The Customs Act, 1969 এর Section-13(2) এ প্রদত্ত ক্ষমতাবলে, জাতীয় রাস্ব বোর্ড ভোমরা শুল্ক স্টেশনে অবস্থিত মেসার্স বেলাজিও লিমিটেড (বন্ড লাইসেন্স নং-০১/কাস-পিবিডব্লিউ/২০১৫, তারিখ : ২৪-০৬-২০১৫ খ্রি.) এর অনুকূলে ২০২৩-২০২৪ অর্থবছরের জন্য নিম্নরূপ বার্ষিক আমদানি প্রাপ্যতা প্রদান করিল, যথা :

| ক্র. নং | বিবরণ | আমদানি প্রাপ্যতা (মাঃডঃ) |
|---|---|---|
| ১ | টোব্যাকো | ৭৫,০০০.০০ |
| ২ | লিকার | ৩০,০০০.০০ |
| ৩ | কসমেটিকস ও টয়লেট্রিজ | ১৭,০০০.০০ |
| ৪ | কনফেকশনারী | ১৩,০০০.০০ |
| | মোট = | ১,৩৫,০০০.০০ (এক লক্ষ পয়ত্রিশ হাজার মার্কিন ডলার) |

**মুহাঃ মাহবুবুর রহমান**
প্রথম সচিব (কাস্টমস : রপ্তানি ও বন্ড)।

## ভূমি মন্ত্রণালয়
## জরিপ অধিশাখা-২

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ/১৪ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০১০.১৭.২১৮**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | আরএস খতিয়ান | খতিয়ান সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | হরিশ্যাম | ২২০ | ৪৫১ | ০১টি | বালাগঞ্জ | সিলেট |

তারিখ : ০৪ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/১৯ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০৪০.১২ (অংশ-১).২২১**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজা | জে. এল নম্বর | খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | হুকরা | ১৪ | ১৬৯৬ | ০৮ | রামপাল | বাগেরহাট |
| ২ | চর আস্তাইল | ০৬ | ৪৮০ | ০১ | মোল্লাহাট | বাগেরহাট |
| ৩ | দূর্গাপুর (বড়) | ৯৫ | ২৪৫০ | ০৬ | আশাশুনি | সাতক্ষীরা |
| | | মোট = | ৪৬২৬ | ১৫ | | |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.২২১.১০(অংশ-১) ২২২**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজা | জে. এল নম্বর | খতিয়ান | খতিয়ান সংখ্যা | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ১ | **ধনঞ্জয়পুর** | ৪৬ | ৭৩, ৩৯৪ ও ৫৫৯ | ৩টি | সাভার | ঢাকা |

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৬.০০৮.১৫(অংশ-১).২২৩**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কর্তৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজার স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজা | জে. এল নম্বর | মোট খতিয়ান সংখ্যা | সিট সংখ্যা | উপজেলার নাম | জেলার নাম |
|---|---|---|---|---|---|---|
| ১ | **বেজা শিল্প নগর চর** | ৪৪ | ০২ | ০৩ | কোম্পানীগঞ্জ | নোয়াখালী |

তারিখ : ১৭ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/০২ অক্টোবর ২০২৩ খ্রিষ্টাব্দ

নং **৩১.০০.০০০০.০৪৯.৩৩.০০৬.১৭ .২২৫**—The State Acquisition and Tenancy Act, 1950 (Act XXVIII of 1951) এর 144(7) ধারা এবং Tenancy Rules, 1955 এর 34(2) বিধি অনুযায়ী গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার কতৃক এই মর্মে ঘোষণা করা যাচ্ছে যে, নিম্নবর্ণিত মৌজাসমূহের স্বত্বলিপি চূড়ান্তভাবে প্রকাশ করা হয়েছে।

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | মোট খতিয়ান | সিট নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ০১ | নহনা | ৯০ | ৪৭৮ | ০১ | দিনাজপুর সদর | দিনাজপুর |
| ০২ | ভেকশী | ৬৭ | ২৫৭ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৩ | আমলাগাড়ী | ৮৩ | ২১২ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৪ | সাগরপুর | ৯৭ | ১১৮ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৫ | বার পাইকেরগড় | ১০২ | ১০২ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৬ | ঘোনকৃষ্ণপুর | ৩৯ | ১০১ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৭ | বৈদর | ৫০ | ২৫২ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৮ | পালোগাড়ী | ৬১ | ২২৩ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ০৯ | অহিউড়া | ৮৬ | ৩৮৬ | ০১ | ঘোড়াঘাট | দিনাজপুর |
| ১০ | কালীখুর | ১৭৯ | ২১৭ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১১ | পশ্চিম খোদাইপুর | ৭০ | ৩৯৮ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১২ | পশ্চিম পলাশবাড়ী | ৭৮ | ৩৪৩ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৩ | কাশিয়ারা | ১৮৬ | ১৫৫ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৪ | কয়রাপুর | ১৯৫ | ২৫৯ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৫ | খামার দেবীপুর | ৪৭ | ১৬৬ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৬ | হরিনা | ২১১ | ২১৫ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৭ | মলিকপুর | ১৫৪ | ৪৭৬ | ০১ | নবাবগঞ্জ | দিনাজপুর |
| ১৮ | বড়দল | ৮৪ | ৩২১ | ০১ | পার্বতীপুর | দিনাজপুর |
| ১৯ | চক যামিনী | ৭৩ | ৩৫২ | ০১ | পার্বতীপুর | দিনাজপুর |
| ২০ | ছোট চন্ডীপুর | ৯৫ | ২২১ | ০১ | পার্বতীপুর | দিনাজপুর |
| ২১ | রাধানগর | ৯৬ | ২৭৩ | ০১ | পার্বতীপুর | দিনাজপুর |
| ২২ | রায়পুর | ৬৪ | ২৯৬ | ০১ | পার্বতীপুর | দিনাজপুর |
| ২৩ | কাশীপুর | ৮০ | ১৬৫ | ০১ | পার্বতীপুর | দিনাজপুর |
| ২৪ | বুজরুক সমসেরনগর | ৫৬ | ১৮৫ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ২৫ | তরণীহাটা | ১১১ | ১৪৬ | ০১ | ফুলবাড়ী | দিনাজপুর |
| ২৬ | কাশীপুর | ১৪ | ১৮৮ | ০১ | কাহারোল | দিনাজপুর |
| ২৭ | কাচনিয়া | ৪৬ | ৪৭৯ | ০১ | খানসামা | দিনাজপুর |

| ক্রম | মৌজার নাম | জে. এল নম্বর | মোট খতিয়ান | সিট নং | উপজেলা | জেলা |
|---|---|---|---|---|---|---|
| ২৮ | চক কাঞ্চন | ৪৫ | ২৯৫ | ০১ | খানসামা | দিনাজপুর |
| ২৯ | খামারপড়া | ১৬ | ৬৯০ | ০২ | খানসামা | দিনাজপুর |
| ৩০ | সাবেক গুলিয়াড়া | ৫১ | ৩৮৮ | ০১ | খানসামা | দিনাজপুর |
| ৩১ | রতিনাথপুর | ৩৭ | ২২৮ | ০১ | বীরগঞ্জ | দিনাজপুর |
| ৩২ | সিজগ্রাম | ০৭ | ২৫৮ | ০১ | বিরল | দিনাজপুর |
| ৩৩ | অজিতপুর | ৩৫ | ১২২ | ০১ | বিরল | দিনাজপুর |
| ৩৪ | ঝিনাইখুড়ী | ২২ | ২৮৫ | ০১ | বিরল | দিনাজপুর |
| ৩৫ | বেপারীটোলা শালঘরিয়া | ১৫৯ | ১৬০ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৩৬ | সাগরপুর | ৮৮ | ২৮০ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৩৭ | পশ্চিম বৈদাহার | ১৫৪ | ৩৬৪ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৩৮ | চৌঠা | ২৩ | ৩১৪ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৩৯ | বারঘাটিয়া | ১৬৫ | ২৯৮ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৪০ | কেন্দুয়া | ১৫৭ | ২৬২ | ০১ | বিরামপুর | দিনাজপুর |
| ৪১ | কাটানহারী আরাজী | ২৮ | ২৩০ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৪২ | কাটানহারী | ৩১ | ৪৭৫ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৪৩ | জোত দেওয়ানু | ৩৪ | ১৪৮ | ০১ | দেবীগঞ্জ | পঞ্চগড় |
| ৪৪ | ঝলঝলি | ৪১ | ১৮০ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৫ | শিবদত্ত পূজারী | ৬৯ | ৩৮৮ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৬ | বালাভির | ৭১ | ২৬২ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৭ | তাজ মামুদ | ১২০ | ২৬২ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৮ | আরাজী সাকোয়াকামাত | ১২৩ | ২৭১ | ০১ | বোদা | পঞ্চগড় |
| ৪৯ | দানাবীর | ০৫ | ১৮৪ | ০১ | আটোয়ারী | পঞ্চগড় |
| ৫০ | ফতেপুর | ০৮ | ২৫৭ | ০১ | আটোয়ারী | পঞ্চগড় |
| ৫১ | লক্ষ্মীদ্বার | ৫৮ | ৮০১ | ০১ | আটোয়ারী | পঞ্চগড় |
| ৫২ | যাদববাটী | ২৫ | ২০৬ | ০১ | আটোয়ারী | পঞ্চগড় |
| ৫৩ | উত্তর দূর্গাপুর | ১০ | ১৭১ | ০১ | আটোয়ারী | পঞ্চগড় |
| ৫৪ | কিসমত সিংরোড | ৭৩ | ৩১১ | ০২ | পঞ্চগড় সদর | পঞ্চগড় |
| ৫৫ | আরজী বগুলাডাঙ্গা শিকারপুর ডেনাকাটা | ৬৯ | ১১৬ | ০১ | পঞ্চগড় সদর | পঞ্চগড় |
| ৫৬ | ঝিকরা | ৬৬ | ১৯৪ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৫৭ | হবিপাড়া | ১৭ | ৪২৩ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৫৮ | নাউরিয়াপাড়া | ২৮ | ১৮১ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৫৯ | জিয়াবাড়ী | ৫৪ | ৩৫০ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৬০ | সোপরা | ৬২ | ১৬৩ | ০১ | বালিয়াডাঙ্গী | ঠাকুরগাঁও |
| ৬১ | বামনবাড়ী | ২০ | ৩২৩ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৬২ | গোপীনাথপুর | ৫১ | ৩৩৯ | ০১ | রাণীশংকৈল | ঠাকুরগাঁও |
| ৬৩ | আলমপুর | ৯৮ | ১৭৪ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ৬৪ | আরাজী মোলানী | ১৩৭ | ১৬২ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ৬৫ | আরাজী ঝাড়গাঁও | ১৩৮ | ৩৩৯ | ০১ | ঠাকুরগাঁও সদর | ঠাকুরগাঁও |
| ৬৬ | শিবরামবাটী | ৯৫ | ১৩৮ | ০১ | পীরগঞ্জ | ঠাকুরগাঁও |
| ৬৭ | আরাজী উজালকোটা | ২০ | ২০৩ | ০১ | পীরগঞ্জ | ঠাকুরগাঁও |
| ৬৮ | রাঙ্গালীকুড়া | ২৩ | ১৮৭ | ০১ | পীরগঞ্জ | ঠাকুরগাঁও |
| ৬৯ | বনুয়াপাড়া | ১১৭ | ১০২ | ০১ | পীরগঞ্জ | ঠাকুরগাঁও |

**রাষ্ট্রপতির আদেশক্রমে**

এস এম জাহাঙ্গীর হোসেন
উপসচিব।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশাবলি**

**তারিখ ০৬ আশ্বিন ১৪৩০/২১ সেপ্টেম্বর ২০২৩**

**নং ১০.০০.০০০০.১৩১,১১.০৯৭.৭৪-৩২৯**—মুসলিম বিবাহ ও তালাকা (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ সিফাতুল্লাহ খান, জন্ম তারিখ : ২০-০২-২০০০ খ্রি., পিতা-মোঃ মোবারক হোসেন খান, মাতা-ফাতেমা বেগম, গ্রাম-ছোট ফাউসা, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-ফাউসা বাজার, উপজেলা-আড়াইহাজার, জেলা-নারায়ণগঞ্জ।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে নারায়ণগঞ্জ জেলার আড়াইহাজার উপজেলার ০৩ নং ব্রাহ্মন্দী ইউনিয়নের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং ১০.০০.০০০০.১৩১,১১.০৪৩.০৩-৩৩১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব সুজাউদ্দৌলা, জন্ম তারিখ : ০৬-১২-১৯৯৩ খ্রি., পিতা-শওকত হোসাইন, মাতা-ফিরোজা বেগম, মহল্লা-বিলবাড়ী, ওয়ার্ড নং-০৩, ডাকঘর-বড় বিহানালী, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার বাগমারা উপজেলা ভবানীগঞ্জ পৌরসভার ০৩ ও ০৪ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**তারিখ : ১১ আশ্বিন ১৪৩০/২৬ সেপ্টেম্বর ২০২৩**

**নং ১০.০০.০০০০.১৩১,১১.০৪৩.০৩-৩৩৪**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ ফিরোজুল ইসলাম, জন্ম তারিখ : ১০-০২-১৯৮৩ খ্রি., পিতা-মোঃ আজিমুদ্দিন শাহ, মাতা-রফিয়া, মহল্লা-খাজাপাড়া, ওয়ার্ড নং-০৭, ডাকঘর-বাগমারা, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার বাগমারা উপজেলা ভবানীগঞ্জ পৌরসভার ০৭ ও ০৮ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

**নং ১০.০০.০০০০.১৩১,১১.০৪৩.০৩-৩৩৫**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে (জনাব মোঃ রমজান আলী সরকার, জন্ম তারিখ : ০১-০১-১৯৮০খ্রি., পিতা-মোঃ সাইদ আলী সরকার, মাতা-মাজেদা, মহল্লা-রামকৃষ্ণপুর, ওয়ার্ড নং-০৯, ডাকঘর-বাগমারা, উপজেলা-বাগমারা, জেলা-রাজশাহী।) এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে রাজশাহী জেলার বাগমারা উপজেলা ভবানীগঞ্জ পৌরসভার ০৯ নং ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোন সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোন উপযুক্ত আদালতের কোনরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

**মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ**
**শিক্ষা মন্ত্রণালয়**
**শৃঙ্খলা বিষয়ক শাখা**

**অফিস আদেশ**

তারিখ : ১৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/০১ অক্টোবর ২০২৩ খ্রি.

**নং ৩৭.০০.০০০০.০৯৫.০২৭.০২.২০২০.৪৯১**—যেহেতু, জনাব মোঃ শাহাদাৎ হোসেন, প্রভাষক (বাংলা), আশাশুনি সরকারি ডিগ্রি মহাবিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা এর বিরুদ্ধে জি. আর. মামলা নং-৮৪/২০১৯ (আশাশুনি থানা মামলা নং-০২) তারিখ : ০১-০৫-২০১৯ দায়ের করা হয়। উক্ত মামলায় তিনি ১৭-০৬-২০১৯ তারিখে জেল হাজতে আটক ছিলেন এবং বিএসআর (পার্ট-১) এর ৭৩ বিধি এর নোট-২ এবং জনপ্রশাসন মন্ত্রণালয়ের অফিস মেমোরান্ডাম নং ED (Reg.VII) S-১২৩/৭৮-১১৫(৫০০), তারিখ ২১ নভেম্বর ১৯৭৮ অনুযায়ী ১৭-০৬-২০১৯ তারিখ থেকে ভূতাপেক্ষভাবে চাকরি হতে সাময়িকভাবে বরখাস্ত করা হয়;

যেহেতু, বিজ্ঞ চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত, সাতক্ষীরা তাকে উক্ত মামলার চার্জশীর্ট হতে অব্যাহতি প্রদান করেন;

সেহেতু, জনাব মোঃ শাহাদাৎ হোসেন, প্রভাষক (বাংলা), আশাশুনি সরকারি ডিগ্রি মহাবিদ্যালয়, আশাশুনি, সাতক্ষীরা এর সাময়িক বরখাস্ত আদেশ সরকারি চাকরি আইন, ২০১৮-এর ৩৯(৩) ধারা অনুযায়ী প্রত্যাহার করে তাকে সরকারি চাকুরিতে পুনর্বহাল করা হলো। বাংলাদেশ সার্ভিস রুলস, পার্ট-১ এর বিধি-৪২(বি) অনুসারে তার সাময়িক বরখাস্তকাল কর্মকাল হিসেবে গণ্য করা হলো এবং তিনি বরখাস্তকালীন সময়ের পূর্ণ বেতন ও ভাতাদি প্রাপ্য হবেন।

২। জনস্বার্থে এ আদেশ জারি করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে
**সোলেমান খান**
সচিব।

---

**প্রাথমিক ও গণশিক্ষা মন্ত্রণালয়**
**তদন্ত ও শৃঙ্খলা শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

**তারিখ : ০৬ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/২১ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ**

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০০২.২৩-৪২৭**—যেহেতু, জনাব মোঃ আখতারুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর ইতঃপূর্বে উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরে কর্মকালীন একই অফিসের হিসাব সহকারী মোছাঃ জেসমিন বেগমকে অক্রোশমূলক, শিষ্টাচার বহির্ভূত ও কুরুচিপূর্ণ শব্দাবলি ব্যবহার করে অকথ্য ভাষায় গালিগালাজ করা এবং উক্ত হিসাব সহকারীর টেবিলের উপর রাখা ফাইলপত্র ছুড়ে ফেলাসহ তার মুঠোফোনের স্ক্রিন ভেঙ্গে ফেলার অভিযোগসমূহ প্রাথমিক তদন্তে প্রমাণিত হয়। তার এহেন আচরণ সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) অনুযায়ী অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ বিধায় উক্ত অফিযোগে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজুপূর্বক ১৮ এপ্রিল ২০২৩ তারিখে অভিযোগনামা ও অভিযোগ বিবরণী প্রেরণ করে জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন কিন্তু ব্যক্তিগত শুনানি না চাওয়ায় বিভাগীয় মামলাটি তদন্তের সিদ্ধান্ত গৃহীত হওয়ায় তদন্ত কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু তদন্ত প্রতিবেদন ও স্বাক্ষীদের জবানবন্দি পর্যালোচনায় দেখা যায় যে, জনাব মোঃ আখতারুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর ইতঃপূর্বে উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুরে কর্মকালীন ২৩-১১-২০২১ তারিখে তারই অফিসের হিসাব সহকারী মোছাঃ জেসমিন বেগমের উপর ক্ষিপ্ত হয়ে অশালীন ভাষা ব্যবহার করেছেন এবং মোছাঃ জেসমিন বেগমের কক্ষে প্রবেশ করে নথিপত্র ছুড়ে ফেললে টেবিলে রক্ষিত উক্ত হিসাব সহকারীর মোবাইল ফোনটি মেঝেতে পড়ে মোবাইলের স্ক্রীন ভেঙ্গে ফেলার অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার লিখিত জবাব এবং সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর ৩(খ) অনুযায়ী অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় এবং অভিযোগের গুরুত্ব বিবেচনায় তাকে লঘুদণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়।

সেহেতু, জনাব মোঃ আখতারুল ইসলাম, উপজেলা শিক্ষা অফিসার, মিঠাপুকুর, রংপুর (প্রাক্তন উপজেলা শিক্ষা অফিসার, রংপুর সদর, রংপুর)-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর ৪(২)(ক) মোতাবেক "তিরস্কার (Censure)" দণ্ড প্রদান করা হলো।

এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

তারিখ : ১২ আশ্বিন ১৪৩০ বঙ্গাব্দ/২৭ সেপ্টেম্বর ২০২৩ খ্রিষ্টাব্দ

**নং ৩৮.০০.০০০০.০০৪.০৪.০২০.২২-৪৩৭**—যেহেতু, জনাব মোঃ মাইনুল ইসলাম হাওলাদার, ইন্সট্রাক্টর (সাময়িক বরখাস্ত), উপজেলা রিসোর্স সেন্টার, মির্জাগঞ্জ, পটুয়াখালী-এর বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৩(খ) ও ৩(ঘ) মোতাবেক অসদাচরণ ও দুর্নীতির অভিযোগে বিভাগীয় মামলা রুজুপূর্বক জবাব প্রদানের জন্য নির্দেশ প্রদান করা হয়; এবং

যেহেতু, তিনি লিখিত জবাব দাখিল করেন এবং ব্যক্তিগত শুনানিতে অংশগ্রহণ করেন। তার লিখিত জবাব ও ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য সন্তোষজনক বিবেচিত না হওয়ায় বিভাগীয় মামলাটি তদন্ত করার জন্য তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তা ব্যক্তিগত অসুবিধার কারণ দেখিয়ে প্রাথমিক শিক্ষক নিয়োগ পরীক্ষা-২০২০ এর কক্ষ পরিদর্শকের দায়িত্ব পালনে অপারগতা প্রকাশ করে কর্তৃপক্ষের অনুমতি ব্যতীত তার প্রাক্তন কর্মস্থল রাজবাড়ীতে গমণ করেন, যা অসদাচরণের পর্যায়ভুক্ত অপরাধ মর্মে তদন্তকারী কর্মকর্তা মতামত প্রদান করেছেন; এবং

যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে বিভাগীয় মামলায় আনীত অসদাচরণ ও দুর্নীতির অভিযোগের মধ্যে দুর্নীতির অভিযোগ তদন্তে প্রমাণিত না হলেও অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হওয়ায় তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল), বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(৩)(ক) অনুযায়ী "নিম্ন বেতন গ্রেডে অবনমিতকরণ" গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গ্রহণপূর্বক একই বিধিমালার ৭(৯) বিধি মোতাবেক দ্বিতীয় কারণ দর্শানো নোটিশ প্রদান করা হয়; এবং

যেহেতু, অভিযোগনামার লিখিত জবাব, ব্যক্তিগত শুনানিতে প্রদত্ত বক্তব্য, তদন্ত প্রতিবেদন, ২য় কারণ দর্শানো নোটিশের জবাব ও সংশ্লিষ্ট কাগজপত্রাদি পর্যালোচনায় তার বিরুদ্ধে অসদাচরণের অভিযোগ সন্দেহাতীতভাবে প্রমাণিত হয়েছে এবং সার্বিক বিবেচনায় তাকে লঘুণ্ড প্রদানের সিদ্ধান্ত গৃহীত হয়েছে।

সেহেতু, জনাব মোঃ মাইনুল ইসলাম হাওলাদার, ইন্সট্রাক্টর (সাময়িক বরখাস্ত), উপজেলা রিসোর্স সেন্টার, মির্জাগঞ্জ, পটুয়াখালী-কে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা, ২০১৮ এর বিধি ৪(২)(ঘ) মোতাবেক "বেতন গ্রেডের নিম্নতর ধাপে অবনমিতকরণ" লঘুদণ্ড প্রদান করা হলো। তার বর্তমান মূল বেতন ২৫,৪৮০/- হতে ২২,০০০/- টাকায় নির্ধারণ করা হলো। প্রজ্ঞাপন জারির তারিখ হতে এ দণ্ড কার্যকর হবে এবং জুন, ২০২৫ পর্যন্ত তা বহাল থাকবে। অবনমিতকরণ দণ্ড সমাপনান্তে অবনমিতকরণকাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনা করা হবে না।

২। এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

**ফরিদ আহাম্মদ**
সচিব।

---

**বাণিজ্য মন্ত্রণালয়**
**বাণিজ্য সংগঠন-২**

**প্রজ্ঞাপন**

তারিখ : ২৬ ভাদ্র ১৪৩০/১০ সেপ্টেম্বর ২০২৩

নং **২৬.০০.০০০০.১৫৭.৩৩.০৪৭.৯৩.৪৮৫**—'বাংলাদেশ ফিল্ম ইম্পোর্টারস এসোসিয়েশন' সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের টিও লাইসেন্স প্রাপ্ত একটি বাণিজ্য সংগঠন; যার লাইসেন্স নং-৬৪ তারিখ : ০৫-০৯-১৯৯৪;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বাণিজ্য মন্ত্রণালয়ের প্রেরিত পত্রাদির জবাব দেয়নি;

যেহেতু, টিও লাইসেন্স প্রাপ্তির পর থেকে বাণিজ্য সংগঠনটি লাইসেন্সের বিধি-বিধান পালন করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনের নির্বাচন সংক্রান্ত তথ্যাদি সংশ্লিষ্ট নথিতে পাওয়া যায়নি;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি বার্ষিক সভার কার্যবিবরণীতে উত্থাপিত বার্ষিক প্রতিবেদন দাখিল করতে ব্যর্থ হয়েছে;

যেহেতু, বাণিজ্য সংগঠনটি অডিট রিপোর্ট, আয়-ব্যয়ের হিসাব এবং ব্যালেন্সসীট নিয়মিতভাবে দাখিল করেনি;

যেহেতু, বাণিজ্য সংগঠন আইন, ২০২২ এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর নিয়মাবলি যথাযথভাবে প্রতিপালনে ব্যর্থ হয়েছে;

যেহেতু, ৩১-১২-১৯৯৪ তারিখ পরবর্তী কোন রিটার্ন/তথ্যাদি যৌথমূলধন কোম্পানি ও ফার্মসমূহের পরিদপ্তরে দাখিল করা হয়নি; এবং

যেহেতু, লাইসেন্স বাতিল কেন করা হবে না সে মর্মে কারণ দর্শানোর নোটিশ প্রেরণ করা হয়েছে এবং নির্ধারিত সময় অতিক্রান্ত হবার পরও জবাব পাওয়া যায়নি;

সেহেতু, বাংলাদেশ ফিল্ম ইম্পোর্টারস এসোসিয়েশন-সংগঠনটি সম্পূর্ণ অকার্যকর অবস্থায় রয়েছে বিধায় বাণিজ্য সংগঠন আইন, ২০২২-এর ৫ ধারা এবং বাণিজ্য সংগঠন বিধিমালা, ১৯৯৪ এর ১১ (১) বিধির আওতায় বাংলাদেশ ফিল্ম ইম্পোর্টারস এসোসিয়েশন-এর অনুকূলে ০৫-০৯-১৯৯৪ তারিখে প্রদত্ত লাইসেন্স নম্বর ৬৪ এতদ্বারা বাতিল করা হলো।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মালেকা খায়রুন্নেছা**
মহাপরিচালক (অতিরিক্ত দায়িত্ব)।

**আইন, বিচার ও সংসদ বিষয়ক মন্ত্রণালয়**
**আইন ও বিচার বিভাগ**
**বিচার শাখা-৭**

**আদেশ**

তারিখ : ০৪ আশ্বিন ১৪৩০/১৯ সেপ্টেম্বর ২০২৩

নং **১০.০০.০০০০.১৩১.১১.০১০.১০-৩২১**—মুসলিম বিবাহ ও তালাক (নিবন্ধন) আইন, ১৯৭৪ (১৯৭৪ সনের ৫২নং আইন) এর ৪ ধারার প্রদত্ত ক্ষমতাবলে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার সন্তুষ্ট হইয়া আপনাকে জনাব সৈয়দ মোহাম্মদ সাদ উদ্দীন, জন্মতারিখ : ১১-০৪-১৯৯৭ খ্রি., পিতা-সৈয়দ মোহাম্মদ নেজাম উদ্দীন, মাতা-রেজিয়া আক্তার, বাসা-এম.ডি.সি কলেজ স্কয়ার, রাস্তা-১৩৭, নবাব সিরাজদ্দৌলা রোড, চন্দনপুরা, ডাকঘর-চকবাজার-৪২০৩, ওয়ার্ড নং-১৬ নং চকবাজার, থানা-চকবাজার, চট্টগ্রাম সিটি কর্পোরেশন, চট্টগ্রাম। এই আইন ও উহার অধীন প্রণীত বিধি দ্বারা নির্ধারিত পদ্ধতিতে চট্টগ্রাম সিটি কর্পোরেশনের ১৬ নং চকবাজার ওয়ার্ডের জন্য বিবাহ ও তালাক সংশ্লিষ্ট ব্যক্তি কর্তৃক মৌখিক বা লিখিত আবেদনের প্রেক্ষিতে উক্ত বিবাহ ও তালাক নিবন্ধনের ক্ষমতা প্রদান করিল।

২। এই আইন ও উহার অধীন প্রণীত বিধিমালার বিধানসমূহ যথাযথভাবে প্রতিপালন করা আপনার দায়িত্ব হইবে।

৩। সরকার বাতিল বা স্থগিত না করা পর্যন্ত অথবা লাইসেন্সধারী ব্যক্তির বয়স ৬৭ (সাতষট্টি) বৎসর না হওয়া পর্যন্ত এই লাইসেন্স বলবৎ থাকিবে :

তবে শর্ত থাকে যে, সরকার যে কোনো সময় লাইসেন্সধারী ব্যক্তির উক্ত বয়স পুনর্নির্ধারণ করিতে পারিবে।

উল্লেখ্য, বর্ণিত বিষয়ে কোনো উপযুক্ত আদালতের কোনোরূপ স্থগিতাদেশ/নিষেধাজ্ঞা/স্থিতাবস্থা থাকিলে এই নিয়োগ আদেশ স্থগিত বলিয়া গণ্য হইবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মুরাদ জাহান চৌধুরী**
সিনিয়র সহকারী সচিব।

---

**স্বাস্থ্য ও পরিবার কল্যাণ মন্ত্রণালয়**
**স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ**
**জনসংখ্যা-২ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ০৬ আশ্বিন ১৪৩০/২১ সেপ্টেম্বর ২০২৩

নং **৫৯.০০.০০০০.১১৫.৯৯.০০৪.২০.৬১**—স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগের গত ১৬ জানুয়ারি ২০২২ তারিখের ৫৯.০০.০০০০.১১৫.৯৯.০০৪.২০.০৬ সংখ্যক প্রজ্ঞাপনমূলে গঠিত ইনফরমেশন, এডুকেশন ও কমিউনিকেশন (আইইসি) টেকনিক্যাল কমিটি সংশোধনক্রমে নিম্নরূপভাবে পুনর্গঠন করা হলো :

**কমিটির রূপরেখা :**

**সভাপতি**

(১) অতিরিক্ত সচিব (জনসংখ্যা, পঃ কঃ ও আইন), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ

**সদস্যবৃন্দ**

(২) পরিচালক (আইইএম), পরিবার পরিকল্পনা অধিদপ্তর

(৩) পরিচালক (পিএইচসি), স্বাস্থ্য অধিদপ্তর

(৪) পরিচালক (কোর্স কারিকুলাম), স্বাস্থ্য শিক্ষা অধিদপ্তর

(৫) লাইন ডাইরেক্টর, স্বাস্থ্য শিক্ষা ব্যুরো, স্বাস্থ্য অধিদপ্তর

(৬) পরিচালক (জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম), বাংলাদেশ টেলিভিশন

(৭) পরিচালক (জনসংখ্যা, স্বাস্থ্য ও পুষ্টি কার্যক্রম), বাংলাদেশ বেতার

(৮) পরিচালক, বিসিসিপি, মিরপুর, ঢাকা

(৯) এডিটর কাম ট্রান্সলেটর, পরিবার পরিকল্পনা অধিদপ্তর, ঢাকা

**সদস্য-সচিব**

১০ উপসচিব/সিনিয়র সহকারী সচিব/সহকারী সচিব (জনসংখ্যা-২), স্বাস্থ্য শিক্ষা ও পরিবার কল্যাণ বিভাগ।

**কমিটির কার্যপরিধি :**

(১) গণমাধ্যমসমূহে বর্তমান স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা ভিত্তিক প্রচারপত্র, বাণী ও তথ্যসমূহের পর্যালোচনা ও যুগোপযোগীকরণ;

(২) গণমাধ্যমসমূহে বর্তমান স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা ভিত্তিক প্রচার, প্রচার কার্যের উন্নয়নের জন্য নীতি/কৌশল নির্ধারণ ও বাস্তবায়ন পরিবীক্ষণ;

(৩) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা ভিত্তিক প্রচার কার্যসমূহ শহর কেন্দ্রিক না রেখে গ্রাম-গঞ্জে বিস্তারের জন্য পরিকল্পনা প্রণয়ন ও বাস্তবায়ন;

(৪) স্বাস্থ্য শিক্ষা ও পরিবার পরিকল্পনা ও এতদসংশ্লিষ্ট স্বাস্থ্য বিধি বিষয়ক বিভিন্ন IEC (Information Education and Communication) সামগ্রীর গুণগতমান যাচাই-বাছাই, মূল্যায়ন ও অনুমোদন এবং ছাড়পত্র প্রদান;

(৫) প্রয়োজনে বিশেষজ্ঞ ব্যক্তিকে সদস্য হিসেবে কমিটির সভায় কো-অপ্ট করা/আমন্ত্রণ জানানো যাবে।

২। এ আদেশ যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে জনস্বার্থে জারি করা হলো এবং অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**এ, বি, এম, নুরুল আলম**
সহকারী সচিব।

---

**স্বরাষ্ট্র মন্ত্রণালয়**
**জননিরাপত্তা বিভাগ**
**শৃঙ্খলা-১ শাখা**

**প্রজ্ঞাপন**

তারিখ : ৩০ ভাদ্র ১৪৩০/১৪ সেপ্টেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৭.০২৭.০১৩.২২-১৭৪—যেহেতু, জনাব মোহাম্মদ সালাহ্ উদ্দিন তালুকদার (বিপি-৭৪০৬১১০৭৩৭), কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন সার্ভিস ট্রেনিং সেন্টার, জামালপুর ইতোপূর্বে ১৭-১২-২০১৫ তারিখ হতে ২৫-১০-২০১৬ তারিখ পর্যন্ত অতিরিক্ত পুলিশ সুপার, পিবিআই, ময়মনসিংহ হিসেবে কর্মরত থাকাকালে ময়মনসিংহের বিজ্ঞ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট ২নং ফুলবাড়ীয়া আমলী আদালতে সিআর মামলা নং-৪৪৪/১৬, তারিখ ২৫-১০-২০১৬ খ্রিঃ, ধারা-৪৪৭/৩৮৫/৫০৬/৩৪ পেনাল কোড কোর্ট পিটিশনটির তদন্ত তদারকির দায়িত্ব প্রদান করা হলে উক্ত দায়িত্ব সঠিকভাবে পালন না করা, উল্লিখিত মামলার বিবাদী জনাব মোঃ ইউনুছ আলী' কে গত ১৩-১০-২০১৬ তারিখে ময়মনসিংহ জেলার ফুলবাড়ীয়া থানাধীন এনায়েতপুর ফুলতলা নামক স্থানে মামলার ঘটনাস্থলের নিকটে অবস্থিত তার নিজ বাংলো বাড়িতে ডেকে নিয়ে এসে জিজ্ঞাসাবাদ করা, অতিরিক্ত পুলিশ সুপার, পিবিআই, ময়মনসিংহ হিসেবে কর্মরত থাকা অবস্থায় ২০১৬ ও তার পূর্ববর্তী সময়ে ময়মনসিংহ জেলার ফুলবাড়িয়া থানাধীন এনায়েতপুর ফুলতলা গ্রামে আনুমানিক ৮.৮৮ একর জমি ক্রয় করে কাঁটা তারের বেড়া দেয়া, স্থানীয় কৃষক জনৈক কৃষক মজিবর, মোস্তফা এবং আরাজুল্লাহগণের ভোগ দখলকৃত জমি রেজিস্ট্রি দলিল বা কোনো প্রকার অঙ্গীকারনামা সম্পাদন ব্যতিরেকে কাঁটা তারের বেষ্টনীর ভিতরে নিজ দখলে রাখা, উল্লিখিত আনুমানিক ৮.৮৮ একর জমি যথাযথ কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে তার নিজ নামে ও স্ত্রীর নামে ক্রয় করা এবং পরবর্তীতে তার পিতার নিকট থেকে নিজ নামে হেবা দলিল করে নেয়া যা প্রাথমিক অনুসন্ধান প্রতিবেদনে সত্যতা প্রতীয়মান হওয়ায় এবং উল্লিখিত জমি নিজ নামে ও স্ত্রীর নামে ক্রয়ের পূর্বে কিংবা নিজ নামে হেবা দলিলমূলে গ্রহণের পূর্বে Police Regulations of Bengal, 1943 এর Regulation-112 এবং The Government Servants (Conduct) Rules, 1979 এর Rule-11 অনুযায়ী যথাযথ কর্তৃপক্ষের অনুমতি গ্রহণ না করার অভিযোগে তার বিরুদ্ধে গত ০৪-০৭-২০২২ তারিখ বিভাগীয় মামলা রুজুপূর্বক তাকে কারণ দর্শানো হয়। তিনি গত ৩১-০৮-২০২২ তারিখ কারণ দর্শানোর জবাব দাখিলপূর্বক ব্যক্তিগত শুনানির জন্য আবেদন করেন; এবং

২। যেহেতু, তার আবেদনের পরিপ্রেক্ষিতে গত ০৭-১১-২০২২ তারিখ তার ব্যক্তিগত শুনানি অনুষ্ঠিত হয়। শুনানিকালে তার বিরুদ্ধে আনীত অভিযোগ, লিখিত জবাব, উভয়পক্ষের বক্তব্য ও উপস্থাপিত অন্যান্য গুরুত্বপূর্ণ প্রমাণাদি পর্যালোচনায় অভিযোগ প্রমাণিত হলে গুরুদণ্ড আরোপের পর্যাপ্ত ভিত্তি রয়েছে মর্মে প্রতীয়মান হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(২)(ঘ) বিধি মোতাবেক গত ১৯-০১-২০২৩ তারিখ জনাব মোছাঃ ফরিদা ইয়াসমিন (বিপি-৭৩০১০৪৬১৯২), অতিরিক্ত ডিআইজি, হাইওয়ে পুলিশ, ঢাকা- কে তদন্তকারী কর্মকর্তা নিয়োগ করা হয়; এবং

৩। যেহেতু, তদন্তকারী কর্মকর্তা জনাব মোছাঃ ফরিদা ইয়াসমিন (বিপি-৭৩০১০৪৬১৯২), অতিরিক্ত ডিআইজি, হাইওয়ে পুলিশ, ঢাকা সকল বিধি বিধান প্রতিপালনপূর্বক সরেজমিনে তদন্ত অন্তে গত ০৬-০৪-২০২৩ তারিখ তার বিরুদ্ধে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ২(খ) বিধি অনুযায়ী আনীত 'অসদাচরণ'-এর অভিযোগ প্রমাণিত হয়েছে মর্মে তদন্ত প্রতিবেদন দাখিল করেন; এবং

৪। যেহেতু, আনীত অভিযোগ, লিখিত জবাব, শুনানিকালে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন ও প্রাসঙ্গিক দলিলপত্রাদি পর্যালোচনায় অভিযুক্তের বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ প্রমাণিত হওয়ায় কেন তাকে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩)(ঘ) বিধি মোতাবেক চাকরি হতে বরখাস্ত বা অন্য কোনো উপযুক্ত গুরুদণ্ড প্রদান করা হবে না এ মর্মে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৭(৯) বিধি মোতাবেক গত ২৫-০৫-২০২৩ তারিখ ২য় কারণ দর্শানো নোটিশ প্রেরণ করা হয়। গত ০৩-০৭-২০২৩ তারিখ তিনি ২য় কারণ দর্শানোর নোটিশের জবাব দাখিল করেন; এবং

৫। যেহেতু, অভিযুক্ত কর্মকর্তার বিরুদ্ধে আনীত অভিযোগসমূহ, তদন্ত প্রতিবেদন এবং অভিযুক্ত কর্মকর্তা কর্তৃক প্রদত্ত ১ম ও ২য় কারণ দর্শানো নোটিশের জবাব ও অন্যান্য গুরুত্বপূর্ণ কাগজপত্রাদি পুনরায় পর্যালোচনায় তার বিরুদ্ধে উত্থাপিত অভিযোগ খণ্ডনের মতো কোন যুক্তি তিনি উপস্থাপন করতে সক্ষম হন নি। সার্বিক পর্যালোচনায় উক্ত কর্মকর্তার বিরুদ্ধে রুজুকৃত বিভাগীয় মামলায় 'অসদাচরণ (Misconduct)' -এর অভিযোগ প্রমাণিত হওয়ায়

সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী ০২ (দুই) বৎসরের জন্য 'নিম্নবেতন গ্রেডে অবনমিতকরণ'-এর গুরুদণ্ড প্রদানের প্রাথমিক সিদ্ধান্ত গৃহীত হয়। এই প্রাথমিকভাবে গৃহীত সিদ্ধান্তে সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৬) অনুযায়ী নিয়োগকারী কর্তৃপক্ষ হিসাবে মহামান্য রাষ্ট্রপতি সদয় সম্মতি জ্ঞাপন করেন; এবং

৬। সেহেতু, জনাব মোহাম্মদ সালাহ্ উদ্দিন তালুকদার (বিপি-৭৪০৬১১০৭৩৭), কমান্ড্যান্ট (পুলিশ সুপার), ইন সার্ভিস ট্রেনিং সেন্টার, জামালপুর-এর বিরুদ্ধে আনীত অভিযোগ, ১ম ও ২য় কারণ দর্শানো নোটিশের জবাব, ব্যক্তিগত শুনানিতে উভয়পক্ষের বক্তব্য, তদন্ত প্রতিবেদন, অন্যান্য গুরুত্বপূর্ণ প্রাসঙ্গিক দলিলপত্রাদি এবং অপরাধের প্রকৃতি ও মাত্রা বিবেচনায় 'অসদাচরণ (Misconduct)' -এর অভিযোগ প্রমাণিত হওয়ায় সরকারি কর্মচারী (শৃঙ্খলা ও আপিল) বিধিমালা ২০১৮ এর ৪(৩) এর উপ-বিধি (১)(ক) অনুযায়ী ০২ (দুই) বৎসরের জন্য 'নিম্নবেতন গ্রেড অবনমিতকরণ'-এর গুরুদণ্ড প্রদান করা হলো। অবনমিতকরণ বলবৎ থাকার সময়কাল বার্ষিক বেতন বৃদ্ধির জন্য গণনাযোগ্য হবে না। তবে দন্ডের মেয়াদ শেষ হওয়ার পর তিনি স্বয়ংক্রিয়ভাবে বর্তমান বেতন স্কেলে প্রত্যাবর্তন করবেন। তিনি কোনো বকেয়া প্রাপ্য হবেন না।

৭। জনস্বার্থে জারীকৃত এ আদেশ অবিলম্বে কার্যকর হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

**মোঃ মোস্তাফিজুর রহমান**, বিপিএএ
সিনিয়র সচিব।

---

**শৃঙ্খলা-২ শাখা**

**প্রজ্ঞাপনসমূহ**

তারিখ : ২৩ ভাদ্র ১৪৩০/০৭ সেপ্টেম্বর ২০২৩

নং ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪০.১৮-৩৮৮—যেহেতু, জনাব সুমিত চৌধুরী (বিপি-৭৪০৬১১৯৭৪৪), অতিরিক্ত পুলিশ সুপার, সাময়িক বরখাস্তকৃত এবং পুলিশ অধিদপ্তরে সংযুক্ত ইতঃপূর্বে অতিরিক্ত পুলিশ সুপার, জেলা বিশেষ শাখা, রাজশাহী হিসেবে কর্মকালে রাজশাহী জেলার পবা থানার ১৩(১১)১৬ নং মামলায় পবা থানা কর্তৃক চূড়ান্ত রিপোর্ট মিথ্যা দাখিল করার প্রেক্ষিতে বিজ্ঞ আদালতের নির্দেশে পিবিআই, রাজশাহী কর্তৃক অধিকতর তদন্তাধীন উক্ত মামলার বিষয়ে উদ্দেশ্য প্রণোদিতভাবে অতিরিক্ত পুলিশ সুপার জনাব মোঃ আবুল কালাম আজাদকে ফোন করে তুচ্ছ তাচ্ছিল্য আচরণ করেন, হুমকি প্রদান ও গালিগালাজ করেন। এছাড়া তিনি বিবাহিত হওয়া সত্ত্বেও তার আপন মামাতো ভাই বিধান কুমার সরকার এর বিবাহিত স্ত্রী তুলি রানীর সাথে পরকীয়া প্রেমের সম্পর্ক গড়ে তোলেন এবং অসৎ উদ্দেশ্যে তুলি রানীকে চাকরি দেওয়ার কথা বলে তুলি রানীর স্বামী বিধান কুমারের নিকট হতে ব্লাংক চেক নিয়ে ডিভোর্স করিয়ে পরে তুলি রানীকে বিবাহ করেন। এছাড়াও ০১-০৬-২০১৮ তারিখে রাজশাহী মহানগরীর মেডিকেল কলেজ সংলগ্ন টিচার্স ট্রেনিং কলেজের সামনে মদ্যপান অবস্থায় পান সিগারেটের দোকানে গিয়ে মাতলামী করায় উত্তেজিত জনতা কর্তৃক ধাওয়া খেয়ে ধৃত ও প্রহৃত হওয়ার ঘটনাটি জাতীয় দৈনিক পত্রিকায় "মাতাল অতিরিক্ত পুলিশ সুপার জনতার হাতে গণপিটুনি" শীর্ষক নিউজ প্রকাশিত হওয়াসহ উপরোক্ত অভিযোগসমূহের ভিত্তিতে তার বিরুদ্ধে বিভাগীয় মামলা রুজু করে ১৩-১২-২০১৮ তারিখ ৪৪.০০.০০০০.০৫৮.২৭.০৪০.১৮-১১৬/১ নম্বর স্মারকমূলে তার নিকট অভিযোগনামা ও অভিযোগ বিবরণী জারি কর হয়। তদপ্রেক্ষিতে অভিযুক্ত কর্মকর্তা ১৩-০১-২০১৯ তারিখ কারণ দর্শানোর জবাব প্রদানপূর্বক ব্যক্তিগত শুনানির আবেদন করেন এবং ০৮-১২-২০১৯ তারিখ তার ব্যক্তিগত শুনানী গ্রহণ করা হয়;

